

ইবিতে কর্মবিরতি সাত দিনে ২৮ পরীক্ষা স্থগিত

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের লাগাতার কর্মবিরতির সাত দিনে বিভিন্ন বিভাগের ২৮টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হয়েছে। এ অচলাবস্থার আশু সমাধান না হলে জানুয়ারি মাসেই ৮০টিরও বেশি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হবে বলে জানিয়েছেন পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী। ক্যাম্পাস ও পরীক্ষা নিয়ন্ত্রক দফতর সূত্রে জানা গেছে, শিক্ষকদের লাগাতার সর্বাঙ্গিক কর্মবিরতির গত সোমবার সাত দিন অতিবাহিত হয়েছে। গত সোমবারও যথারীতি কোন বিভাগের ক্রাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ফলে লাগাতার কর্মবিরতির এই সাত দিনে বাংলা, হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি, ইংরেজীসহ বিভিন্ন বিভাগের ২৮টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হয়েছে। দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত পরীক্ষা চললেও ইবি শিক্ষক সমিতি পরীক্ষা বর্জন করায় বিপাকে পড়েছে শিক্ষার্থীরা। এ বিষয়ে ইবি শিক্ষক সমিতির সাবেক সভাপতি ও বর্তমান কমিটির সদস্য অধ্যাপক ইয়াকুব আলী বলেন, 'যেহেতু শাট ডাউন কর্মসূচি চলছে তাই আমরা পরীক্ষা স্থগিত রেখেছি।'